রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ ভ্যাট বিভাগ ]**

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১৪ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় : পণ্য বা সেবা সরবরাহের সময় মূসক চালানপত্র (ফরম মূসক-৬.৩) ও কেন্দ্রীয় নিবন্ধনের ক্ষেত্রে এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তর চালানপত্র (ফরম মূসক-৬.৫) ইস্যুকরণ।**

**নং ২২/মূসক/২০১৯**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে ক্রেতা বরাবর ফরম মূসক-৬.৩ এ চালানপত্র ইস্যুর বিধান রয়েছে। এক্ষেত্রে ন্যূনতম ২ (দুই) প্রস্থে চালানপত্র ইস্যু করতে হবে যার মূল চালানপত্রটি ক্রেতাকে প্রদান করতে হবে এবং অপর কপি নিবন্ধিত ব্যক্তি কমপক্ষে ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তাছাড়া উক্ত বিধিমালার বিধি ৪০ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) তে কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তর করার জন্য ফরম মূসক-৬.৫ ইস্যুর বিধান রয়েছে। পণ্য স্থানান্তর চালানপত্র ন্যূনতম ২ (দুই) প্রস্থে জারি করতে হবে যার মূল চালানপত্রটি পণ্য গ্রহণকারী শাখা বরাবর প্রেরণ করতে হবে এবং অনুলিপি জারিকারী শাখায় সংরক্ষণ করবেন।

০২। কিন্তু, জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবহিত হয়েছে যে, অনেক ক্ষেত্রে সরবরাহকৃত পণ্য বা সেবার সাথে ফরম মূসক-৬.৩ এবং কেন্দ্রীয় নিবন্ধিত ব্যক্তির এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তরের ক্ষেত্রে পণ্যের সাথে ফরম মূসক-৬.৫ পাওয়া যাচ্ছে না। ফলে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে পণ্য বা সেবার সাথে মূসক চালানপত্র ফরম মূসক-৬.৩ এবং কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত এক শাখা হতে অন্য শাখায় পণ্য স্থানান্তরের সময় পণ্য স্থানান্তর চালানপত্র ফরম মূসক-৬.৫ না থাকলে মূসক বা প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্ক ফাঁকির সুযোগ তৈরি এবং করদাতা ও মূসক কর্মকর্তাদের মধ্যে অনাহূত জটিলতা সৃষ্টি হতে পারে।

০৩। মাঠ পর্যায়ের উক্তরূপ পরিস্থিতি নিরসনকল্পে বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য বা সেবা সরবরাহের বিপরীতে মূসক-৬.৩ ফরমে ন্যুনতম ২ (দুই) প্রস্থে মূসক চালানপত্র ইস্যু করতে হবে। মূসক চালানপত্রের মূল কপি ক্রেতাকে প্রদান করতে হবে যা পণ্য বা সেবার চূড়ান্ত গন্তব্যস্থল পর্যন্ত পণ্য পরিবহনকারী যানবাহনে পণ্য বা সেবার সাথে থাকবে এবং ক্রেতা নিবন্ধিত হলে উক্ত চালানপত্র ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। মূসক চালানপত্রের দ্বিতীয় অনুলিপি সরবরাহকারী ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তবে কোন চালানের বিপরীতে কোন বিষয় অনিষ্পন্ন থাকলে তা নিষ্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(খ) কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের এক শাখা হতে অন্য শাখায় (পণ্য স্থানান্তরসহ) পণ্য স্থানান্তরের বিপরীতে মূসক-৬.৫ ফরমে ন্যুনতম ২ (দুই) প্রস্থে পণ্য স্থানান্তর চালানপত্র ইস্যু করতে হবে। পণ্য স্থানান্তর চালানপত্রের মূলকপি পণ্য গ্রহণকারী শাখা বরাবর ইস্যু করতে হবে যা পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল (শাখা/পণ্যাগার) পর্যন্ত পণ্য পরিবহনকারী যানবাহনে এবং পণ্যের সাথে থাকতে হবে। পণ্য গ্রহণকারী শাখা উক্ত চালানপত্র ৫ (পাঁচ) বছর সংরক্ষণ করবেন। তবে কোন চালানের বিপরীতে অনিষ্পন্ন কোন বিষয় থাকলে তা নিষ্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে;

(গ) মূসক চালানপত্র ফরম মূসক-৬.৩ এবং পণ্য স্থানান্তর চালানপত্র ফরম মূসক-৬.৫ ইস্যু, হিসাব সংরক্ষণ ও অন্যান্য বিষয়াদি উক্ত আইন ও বিধিমালাতে বিধৃত পন্থায় অনুসরণ করতে হবে।

০৪। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে আদেশ জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd